


সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে আয়োজিত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শ্যামল চন্দ্র কর্মকার
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সভার তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২২ খ্রি:।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ
(সভায় ভার্চুয়ালী যুক্ত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

সভাপতি ভার্চুয়ালী সংযুক্ত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে প্রণয়ন, প্রদর্শন, নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করার জন্যই মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের কার্যক্রমটি অন্তর্ভুক্ত করেছে। অতঃপর ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বিষয়ে উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য ও উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন/হালনাগাদ করলেও সেবাবক্সে যথাযথভাবে আপলোড করছে না। তাছাড়া ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত নির্দেশিকা সেবা বক্সের আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন অংশে আপলোড করেনি। তিনি আরও জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইস্যুকৃত পত্রের আলোকে সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে নির্ধারিত ক্রম অনুযায়ী সাজানোর বিষয়ে ১ম ত্রৈমাসিকে পত্র দেয়া হলেও বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর ওয়েবসাইটে নির্ধারিত ক্রম-অনুযায়ী সাজানো হয়নি। উপস্থাপিত প্রতিটি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ক) ত্রৈমাসিকভিত্তিতে প্রতিটি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, উর্দ্ধতন অফিস অর্থাৎ মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করতে হবে;
 - খ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন, মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করতে হবে;
 - গ) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন, পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উর্দ্ধতন অফিসে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করতে হবে;
 - ঘ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল স্ব স্ব ওয়েবসাইটে সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে নির্ধারিত ক্রম অনুযায়ী সাজাতে হবে;
 - ঙ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সের ট্যাবগুলো মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক লিপিবদ্ধ করতে হবে।
- সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ভার্চুয়ালী যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শ্যামল চন্দ্র কর্মকার)
অতিরিক্ত সচিব
ও
সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়